

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১০০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৫]

১। ঈমান (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ২৩. সদুপদেশই দীন।

باب بَيَانِ أَنَّ الدِّينَ النَّصِيحَةُ

আরবী

حَدَّ ثَنَا مُحَمَّدُ بْنُ عَبَّادٍ الْمَكِيُّ، حَدَّ ثَنَا سُفْيَانُ، قَالَ قُلْتُ لِسُهَيْلٍ إِنَّ عَمْرًا حَدَّ ثَنَا عَنِ الْقَعْقَاعِ، عَنْ أَبِيكَ، قَالَ وَرَجَوْتُ أَنْ يُسْقِطَ، عَنِّي رَجُلاً قَالَ فَقَالَ سَمِعْتُهُ مِنَ الَّذِي الْقَعْقَاعِ، عَنْ أَبِيكَ، قَالَ وَرَجَوْتُ أَنْ يُسْقِطَ، عَنِي رَجُلاً قَالَ فَقَالَ سَمِعْتُهُ مِنَ الَّذِي سَمِعَهُ مِنْهُ أَبِي كَانَ صَدِيقًا لَهُ بِالشَّامِ ثُمَّ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ سُهَيْلٍ عَنْ عَطَاءِ بْنِ يَزِيدَ عَنْ تَمِيمٍ الدَّارِيِّ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " الدِينُ النَّصِيحَةُ " قُلْنَا لِمَنْ قَالَ " لِلَّهِ وَلِكِتَابِهِ وَلِرَسُولِهِ وَلأَئِمَّةِ الْمُسْلِمِينَ وَعَامَّتِهِمْ ".

বাংলা

১০০-(৯৫/৫৫) মুহাম্মাদ ইবনু আব্বাদ আল মাক্কী (রহঃ) তামীম আদ দারী (রহঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ সদুপদেশ দেয়াই দীন। আমরা আর্য করলাম, কার জন্য উপদেশ? তিনি বললেনঃ আল্লাহ ও তার কিতাবের, তার রাসূলের, মুসলিম শাসক এবং মুসলিম জনগণের*। (ইসলামিক ফাউন্ডেশনঃ ১০২, ইসলামিক সেন্টারঃ ১০৪)

English

Chapter: Clarifying that the religion is sincerity

It is narrated on the authority of Tamim ad-Dari that the Messenger of Allah (may peace and blessings be upon him) observed: Al-Din is a name of sincerity and well wishing. Upon this we said: For whom? He replied: For Allah, His Book, His Messenger and for the leaders and the general Muslims.

ফুটনোট

* তামীম আদ দারী (রাযিঃ) হতে বুখারীতে কোন হাদীস বর্ণনা নেই আর মুসলিমে এটা ব্যতীত নেই। "নাসীহাত" একটি আরাবী ও অত্যন্ত ব্যাপক অর্থবোধক শব্দ। যার একটি অর্থ সমস্ত কল্যাণ একত্রে করা। ঐরূপ কালাহ'



শব্দ, এটাও দু'রকম কল্যাণকে বুঝায়। কারও মতে, "নাসীহাত" এর আরেকটি অর্থ কারও ভিতর ক্রটি থাকায় তাকে সংশোধনের -- লক্ষ্মে আলোচনা করা। যেমন الرجل ثوبه "উমুক ব্যক্তি তার ছেড়া কাপড় সেলাই করেছেন, যাতে তা পরার উপযুক্ত হয়।" তেমনি কারও ভিতর কোন ক্রটি থাকায় নাসীহাত করার অর্থ হলো সংশোধন করা, যা তার জন্য অত্যন্ত কল্যাণকর হয়। প্রথমতঃ আল্লাহর দিকে নাসীহাত। অর্থাৎ আল্লাহর প্রতি ঈমানের দিকে প্রত্যাবর্তন করা ও তার সঙ্গে শিরক না করার উপদেশ দেয়া। দ্বিতীয়তঃ আল্লাহর কিতাব "নাসীহাত" হলো এটা আল্লাহর কথা হিসেবে আন্তরিকভাবে বিশ্বাস করা তিনি অবতীর্ণ করেছেন মানুষের রচিত নয়, আর তার মত তৈরি করা পৃথিবীতে আল্লাহ ব্যতীত সকলে একত্রিত হয়েও পারবে না। তৃতীয়তঃ তাঁর রসূলের দিকে "নাসীহাত" আল্লাহ তাকে মানুষের হিদায়াতের জন্য পাঠিয়েছেন বিশ্বাস করা। রসূলের আদেশ ও নিষেধকে মেনে চলা, বিশ্বাস করা যে, তিনি শেষ নাবী ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম।

চতুর্থতঃ "নাসীহাত" মুসলিম শাসকের আনুগত্য করা যতক্ষণ কুরআন হাদীস মুতাবিক নির্দেশ দিবে। জিহাদ যুদ্ধে শরীক হওয়া, তার পিছনে সালাত আদায় করা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ তামীম আদ্ দারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন